

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৪৩

কাঞ্চনপুর, ১৬ নভেম্বর, ২০২৪

কাঞ্চনপুরে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপিত

উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল কাঞ্চনপুর টাউনহলে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াৎ, এমডিসি শৈলেন্দ্র নাথ, লালজুরি বিএস'র চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী, দশদা বিএস'র চেয়ারম্যান উদাররাম রিয়াৎ, জন্মপুর্তুইল বিএস'র চেয়ারম্যান বিয়াক চুঁনুংগা, দামছড়া বিএস'র চেয়ারম্যান উপেন্দ্র রিয়াৎ, উত্তর ত্রিপুরার জেলাশাসক ও সমাহৰ্তা দেবপ্রিয় বৰ্ধন, অতিরিক্ত জেলাশাসক এল দার্লং, জেলা কল্যাণ আধিকারিক সি, লালফাফসাংগা, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড: দীপক কুমার ও বিভিন্ন ব্লকের বিডিওগণ। অনুষ্ঠানে অতিথিগণ মহান স্বাধীনতা সংগ্রামী ও আদিবাসী নেতা তগবান বিরসা মুন্ডার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভাষণ সরাসরি এল ই ডি স্কীনের মাধ্যমে প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের শেষে জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ উত্তর ত্রিপুরা জেলাতে ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান, পিএমজনমন যোজনায় বিভিন্ন প্রকল্পের ভার্চুয়ালী শিলান্যাস করেন। এ উপলক্ষে বিভিন্ন প্রদর্শনী স্টল খোলা হয়।

\*\*\*\*\*